



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)  
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.  
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ সেপ্টেম্বর ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

## মানিকছড়িতে বন্ধুকযুদ্ধের সাথে ইউপিডিএফ জড়িত নয়

খাগড়াছড়ির মানিকছড়ি উপজেলার কুমারী এলাকায় আজ বুধবার ২৫ সেপ্টেম্বর ২০১৯ বিকেলের দিকে সংঘটিত বন্ধুকযুদ্ধের ঘটনার সাথে ইউপিডিএফকে জড়িয়ে কতিপয় সংবাদ মাধ্যমে যে খবর প্রকাশিত হয়েছে তা আদৌ সত্য নয় বলে জানিয়েছেন ইউপিডিএফ খাগড়াছড়ি জেলা সংগঠক অংগ্য মারমা।

তিনি বলেন সেনাবাহিনীর সাথে যেখানে সংঘর্ষের ঘটনা ঘটেছে সেখানে গতকাল মঙ্গলবার থেকে একটি চিহ্নিত সশস্ত্র সন্ত্রাসী দলের কিছু সদস্য অবস্থান করছিল, যার তথ্য গ্রামবাসীরা সেনাদের কাছে সরবরাহ করেছিল বলে জানা যায়।

অংগ্য মারমা বলেন ইউপিডিএফ একটি গণতান্ত্রিক দল বিধায় সেনাবাহিনীর সাথে তার দলের সদস্যদের বন্ধুকযুদ্ধে জড়িত হওয়ার কোন প্রশ্নই উঠতে পারে না।

তিনি ঘটনার সাথে ইউপিডিএফকে মিথ্যাভাবে না জড়িয়ে প্রকৃত তথ্য দেশবাসীকে জানানোর জন্য গণমাধ্যম কর্মীদের প্রতি অনুরোধ জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ